175

দৈনিক ইনকিলাব

তারিখ 04 MAR 1998
পৃষ্ঠা ৪২ কলাম ৪

# ছাত্র দল নেতৃবৃন্দের নামে মিথ্যা মামলা প্রত্যাহারের দাবীতে ঢাঃ বিঃ ক্যাম্পাসে মিছিল সমাবেশ ঘেরাও

স্টাফ রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্র দলের সাধারণ সম্পাদক হাবিব-উন-নবী সোহেল, সহ-সভাপতি মঞ্জুর এলাহী, প্রচার সম্পাদক মনির হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয় নেতা মনির হোসেনসহ ছাত্র দলের অন্যান্য নেতা-কর্মীর নামে দায়েরকৃত ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলা অবিলম্বে প্রত্যাহারের দাবীতে এবং হলে হলে সাদা পোশাকধারী পুলিশের হামলার প্রতিবাদে গতকাল সকালে ছাত্র দলের একটি বিরাট বিক্ষোভ মিছিল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে মামলার বাদী রেজিস্ট্রারের অফিসের সামনে অবস্থান ধর্মঘট ও প্রতিবাদ সমাবেশের আয়োজন করে।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র দলের আহবায়ক নাসির উদ্দীন আহমদ অসীমের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে মহানগর ছাত্র দল সভাপতি নাসির উদ্দীন পিন্টু, এ বি এম মোশাররফ হোসেন, মোজাফফর হোসেন জাকির, মুনোয়ার হোসেন রানা, শাহাবুদ্দীন লান্টু, সেলিমুজ্জামান সেলিম প্রমুখ বক্তারা বলেন, এই অযোগ্য ও ব্যর্থ সরকার গণবিচ্ছিন্ন অবস্থায় এখন বেসামাল ও দিশেহারা হয়ে পড়েছে। তাই শহীদ মিনারের সাজানো এক সুপরিকল্পিত ঘটনার জন্ম দিয়ে তারা জাতির দৃষ্টিকে ভিন্ন খাতে প্রবাহিত করার অপচেষ্টা চালাচ্ছে। অপরদিকে ছাত্র দলের সাধারণ সম্পাদকসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দের নামে ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলা দিয়ে হয়রানি করছে। তারা বলেন, ছাত্র দলের নেতা-কর্মীরা মামলার ভয়ে ভীত নয়। তবে সরকার ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আগুন নিয়ে খেলার পরিণতি শুভ হবে না। মিথ্যা মামলা প্রত্যাহার করা না হলে রেজিস্ট্রারকে রাজনৈতিক সংগ্রামের মাধ্যমে সমুচিত শিক্ষা দেয়া হবে।